



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/মাধ্য-১/পনি-০৮(৫ম খন্ড)/১১১২

তারিখ : ২০ এপ্রিল ২০২৫

বিষয় : ২০২৫ সালের 'মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার' প্রশ্নপত্রের "সেট কোডের" ক্ষুদে বার্তা(SMS) মুছে ফেলা প্রসঙ্গে।

সূত্র : স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.৩৮.২১২.১৯(২)-২৪০ তারিখ : ১৭ এপ্রিল ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে রাজশাহী বিভাগের ০৮টি জেলায় ২৬৯ টি পরীক্ষা কেন্দ্রে সময়সূচি অনুযায়ী রাজশাহী কর্তৃক প্রেরিত সেট কোডের প্রশ্নপত্রে যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। কিন্তু কিছু কিছু কেন্দ্রে চলমান এসএসসি ২০২৫ পরীক্ষায় নির্ধারিত দিনে কেন্দ্র সচিব কর্তৃক নির্ধারিত সেট কোডের পরিবর্তে ভুলবশত: অন্য সেট কোডের প্রশ্নপত্রের প্যাকেট খোলার ঘটনা ঘটেছে। বিষয়টি অনুসন্ধানে দেখা যায়, অনেক কেন্দ্র সচিব তাঁদের মোবাইল ডিভাইসে শিক্ষা বোর্ড/জেলা/উপজেলা প্রশাসন থেকে প্রাপ্ত সেট কোডের ক্ষুদে বার্তা (SMS) মুছে না ফেলায় পুরাতন ও নতুন বার্তার মধ্যে বিভ্রান্তি তৈরি হয়, যার ফলে ভুল করে ভিন্ন সেট কোডের প্যাকেট খোলা হয়। এ ধরনের সমস্যা এড়ানোর জন্য কেন্দ্র সচিবসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে পরীক্ষার দিন রাত ১২:০০ ঘটিকার পূর্বে মোবাইল ডিভাইস থেকে পূর্বের পরীক্ষা সংক্রান্ত সকল ক্ষুদে বার্তা মুছে ফেলা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, পরীক্ষা কার্যক্রম সুষ্ঠু ও নির্বিঘ্নে পরিচালনার স্বার্থে কেন্দ্র সচিব ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে পরীক্ষার দিন রাত ১২:০০ ঘটিকার পূর্বে মোবাইল ডিভাইস থেকে পূর্বের পরীক্ষা সংক্রান্ত সকল ক্ষুদে বার্তা (SMS) মুছে ফেলার জন্য অনুরোধ করা হলো।

২০/৪/২৫

প্রফেসর মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

☎ ০২৫৮৮৮৫৬২৩১

☎ মোবাইল : ০১৭৫৪-০০০৮৯৭

controller@rajshahieducationboard.gov.bd

কেন্দ্র সচিব (সকল)

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা - ২০২৫

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), রাজশাহী বিভাগ
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(স্ক্রিপ্ট ও গোপনীয়/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. অফিস নথি